

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৩৫.১৯.৫৪


তারিখ: ২২ মাঘ ১৪২৬  
০৫ ফেব্রুয়ারি ২০২০

**বিষয়: বেতন ভাতাদির সরকারি অংশ স্থগিত এবং দায়িত্ব পালনে বাধা প্রদান**

সূত্র: জনাব এ বি এম ফজলুল করিম, প্রভাষক(বাংলা) এর আবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব এ বি এম ফজলুর করিম, প্রভাষক(বাংলা) বকেয়া বেতন ভাতাসহ চাকুরিতে যোগদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত স্মারক মোতাবেক আবেদন করেন। আবেদনকৃত তথ্যে দেখা যায় তিনি গত ১৫/০২/২০১৫ তারিখে ফৌজদারী মামলায় সন্দেহ জনক আসামী হিসেবে গ্রেফতার হন। পরবর্তীতে উক্ত মামলায় জামিন প্রাপ্ত হয় এবং চূড়ান্তভাবে অব্যাহতি প্রাপ্ত হয়। মামলা থেকে অব্যাহতি পেলেও গভর্নিং বডি কোন কারণ ছাড়াই বেতন ভাতার সরকারি অংশ স্থগিত এবং দায়িত্ব পালনে বাধা প্রদান করে আসছেন। স্থগিত বেতন ভাতা ছাড়করণ এবং দায়িত্ব পালনে বাধা প্রদান করায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করেন।

এমতাবস্থায়, এ বি এম ফজলুর করিম, প্রভাষক(বাংলা) কে চাকুরিতে যোগদান, বেতন ভাতা স্থগিত এবং কেন দায়িত্ব পালন করতে দেয়া হচ্ছে না এ বিষয়ে ৭(সাত) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা দাখিল করার নির্দেশক্রমে অনুরোধ করা হইল।



৫-২-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক


অধ্যক্ষ, আবুজর গিফারী কলেজ, মতিঝিল, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৩৫.১৯.৫৪/১(৩)

তারিখ: ২২ মাঘ ১৪২৬  
০৫ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সভাপতি, গভর্নিং বডি, আবুজর গিফারী কলেজ, মতিঝিল, ঢাকা
- ২) জনাব এ বি এম ফজলুল করিম, প্রভাষক(বাংলা), আবুজর গিফারী কলেজ, মতিঝিল, ঢাকা;
- ৩) সংরক্ষণ নথি।



৫-২-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক